

সারাদেশ

দুই কিলোমিটার জুড়ে দর্শনার্থীর ভিড়, তিতাসে জমল নৌকা বাইচ

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ছবি প্রতিনিধি

ব্রাহ্মণবাড়িয়ার সরাইলে তিতাস নদীতে উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠিত হয়েছে ঐতিহ্যবাহী নৌকা বাইচ প্রতিযোগিতা। নৌকা বাইচকে কেন্দ্র করে নদীর দুই তীরে সৃষ্টি হয় উৎসবের আমেজ। দুই কিলোমিটার এলাকাজুড়ে ছিল দর্শনার্থীদের উপচেপড়া ভিড়।

শনিবার (২২ আগস্ট) বিকেলে উপজেলার নোয়াগাঁও ইউনিয়নের কুচনী-বুড়া ও শাহবাজপুর ইউনিয়নের ক্ষমতাপুর এলাকার যুবকদের উদ্যোগে গঠিত মাদকবিরোধী তরুণ শক্তি সংগঠনের আয়োজনে বুড়া নদীর বাঁকে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

প্রতিযোগিতা দেখতে ক্ষমতাপুরের পশ্চিম দিক থেকে বুড়া নদীর ঘাট পর্যন্ত প্রায় দুই কিলোমিটার এলাকাজুড়ে জড়ো হন হাজারো দর্শনার্থী। নদীর দুই তীরে দাঁড়িয়ে দর্শকদের পাশাপাশি শত শত ভাড়া করা নৌকায় করেও অনেকে নৌকা বাইচ উপভোগ করেন। নারী দর্শকদের উপস্থিতিও ছিল চোখে পড়ার মতো।

আয়োজক কমিটির সভাপতি ও নোয়াগাঁও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মনসুর আহমেদ জানান, এবারের নৌকা বাইচে শেখ বয়েজ ক্লাব, শাপলা বয়েজ ক্লাব, এক্তারপুরের মজিবুর রহমান, বুল্লার বাসু মিয়া ও এক্তাপুরের শাহআলম মিয়ার নৌকা অংশ নেয়।

প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ এ নৌকা বাইচে ক্ষমতাপুরের শাপলা বয়েজ ক্লাব প্রথম স্থান অর্জন করে। দ্বিতীয় হয় বুড়ার শেখ বয়েজ ক্লাব এবং তৃতীয় স্থান অর্জন করে বুল্লার বাসু মিয়ার নৌকা।

প্রথম স্থান অধিকারী নৌকাকে ৭৫ হাজার টাকা মূল্যের একটি ষাঁড় গরু, দ্বিতীয় স্থান অর্জনকারীকে একটি ফ্রিজ এবং তৃতীয় স্থান অর্জনকারীকে একটি টেলিভিশন পুরস্কার হিসেবে দেওয়া হয়। প্রতিযোগিতায় অংশ নেওয়া অন্যান্য নৌকার মালিকদেরও সান্ত্বনা পুরস্কার দেওয়া হয়।

নৌকা বাইচ প্রতিযোগিতায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সাধারণ সম্পাদক আলহাজ্ব সিরাজুল ইসলাম সিরাজ। উদ্বোধক হিসেবে উপস্থিত ছিলেন সরাইল উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. সাইফুল ইসলাম।

এ ছাড়া বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক আলী আজম, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক নুরুজ্জামান লস্কর তপু, জেলা বিএনপির সদস্য ও উপজেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি মো. আশরাফুল করিম রিপন, উপজেলা যুবদলের আহ্বায়ক আবু সুফিয়ান সিদ্দিকী, সাবেক সদস্য সচিব নুর আলম, সরাইল সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আ. জব্বার, নোয়াগাঁও ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আতহার হোসেন মৃধা বকুল, আয়োজক সংগঠনের অন্যতম উপদেষ্টা ও রিয়াদস্ত সরাইল বিএনপির সভাপতি শেখ রাকিব উদ্দিন, ইউপি সদস্য অলি আহাদ মৃধা, নোয়াগাঁও ইউনিয়ন যুবদলের সভাপতি মো. জালাল এবং শাহবাজপুর ইউনিয়ন যুবদলের সভাপতি মো. শাহীনসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা।

নৌকা বাইচকে ঘিরে দিনভর সরাইলের তিতাস নদীর পাড়ে ছিল উৎসবের আবহ। ঐতিহ্যবাহী এই আয়োজন দেখতে দূর-দূরান্ত থেকে ছুটে আসেন নানা বয়সী মানুষ। বৈঠার হন্দ, নৌকার গতি আর দর্শকদের উচ্ছ্বাসে মুখর হয়ে ওঠে পুরো নদীপাড়।

এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



জাতীয়তাবাদী ওলামা দল

পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত

বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে [ইমাম-ওলামা মাশায়েখ সম্মেলন ও দোয়া অনুষ্ঠান] অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ

পাবনার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ডেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গু...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু

সুনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা ছাত্রদের আনুয়িক মো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/dui-kilomitarjure-drshnarthir-bhir-titase-jml-nouka-baich>